খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৩)

## নিয়োগ সংক্রান্ত নীতিমালা

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তা শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড ('২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার<br>০১ (এক) টি | (৫০,০০০-৭১,২০০/-)<br>(গ্রেড ০৪) | (ক) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে ফার্মেসি/ ফরেস্ট্রি/ফিশারিজ/ সয়েল সায়েন্স/পরিবেশ বিজ্ঞান/এগ্রিকালচার/বায়োটেকনোলজি বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রি থাকতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। **RT-PCR ল্যাবে কাজ করার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে।**<br>(খ) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমানের ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির পদমর্যাদায় ০৭(সাত) বছরের গবেষণা/শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সিনিয়র সায়েন্টিফিক অফিসার/ সমমানের পদে (বর্তমান মূল বেতনে (বেতনক্রম : ৩৫,৫০০/-) কমপক্ষে ০৩ (তিন) বছরের গবেষণা/শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ অনুর্ধ্ব ৫০ (পঞ্চাশ) বছর<br><br>অথবা<br>প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে এমএস/এমফিল/সমমানের ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির পদমর্যাদায় ০৯ (নয়) বছরের গবেষণা/শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সিনিয়র সায়েন্টিফিক অফিসার/ সমমানের পদে (বর্তমান মূল বেতন (বেতনক্রম : ৩৫,৫০০/-) কমপক্ষে ০৩ (তিন) বছরের গবেষণা/শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) স্বীকৃত জার্নালে (Peer Reviewed) কমপক্ষে ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে এবং তন্মধ্যে কমপক্ষে ০১ (এক) টি প্রকাশনায় 1st author হতে হবে।<br>বয়সঃ অনুর্ধ্ব ৫০ (পঞ্চাশ) বছর |
| ২ | উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>০১ (এক) টি | (৪৩,০০০-৬৯,৮৫০/-)<br>(গ্রেড ০৫) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশল/পরিকল্পনা/স্থাপত্য/অর্থনীতি/ডেভেলপমেন্ট স্টাডিজ-এ কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি /সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/ সমমানের পদে (বর্তমান মূল ২৯,০০০/- টাকা স্কেলে) ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণি পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- স্কেলে) মোট ০৮ (আট) বছর পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ্ব ৪৮ বছর। |

Abdullah

| | | | |
|---|---|---|---|
| ৩ | নির্বাহী প্রকৌশলী<br>০১ (এক) টি | (৩৫,৫০০-৬৭,০১০/-)<br>(গ্রেড ০৬) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশলে (পুরকৌশল বিষয়) এ কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি /সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিষয়ে সহকারী প্রকৌশলী/ সমমানের ১ম শ্রেণি পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- স্কেলে) পদমর্যাদায় ০৪ (চার) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৪২ বছর।<br>অথবা<br>প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় / পলিটেকনিক ইনস্টিটিউট থেকে প্রকৌশল (পুরকৌশল/) এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিষয়ে সহকারী প্রকৌশলী/ সমমানের ১ম শ্রেণি পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- স্কেলে) পদমর্যাদায় ০৬ (ছয়) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৪২ বছর। |
| ৪ | সেকশন অফিসার<br>০৪ (চার) টি | (২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড ০৯) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ৫ | প্রটোকল অফিসার<br>০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড ০৯) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে নূন্যতম ০১ টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। তবে কোন প্রতিষ্ঠান প্রধানের প্রটোকল সংক্রান্ত কাজে অভিজ্ঞ এবং ICT বিষয়ে পারদর্শী হতে হবে। অফিস ম্যানেজমেন্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স: অনুর্ধ্ব ৩২ বছর। |
| ৬ | মেডিকেল অফিসার (চক্ষু)<br>০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড ০৯) | প্রার্থীকে বাংলাদেশের সরকারী/স্বীকৃত বেসরকারী মেডিকেল কলেজ অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস (পাঁচ বছর) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। চক্ষু বিষয়ে উচ্চতর ডিগ্রী/DO/ PGT/সংশ্লিষ্ট বিষয়ে সমমানের ডিগ্রি থাকতে হবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।<br>বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ৭ | বাজেট অফিসার<br>০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড ০৯) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্যে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ৮ | সাইকিয়াট্রিস্ট<br>০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড ০৯) | প্রার্থীকে বাংলাদেশের সরকারী/স্বীকৃত বেসরকারী মেডিকেল কলেজ অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস (পাঁচ বছর) ডিগ্রি থাকতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। সাইকিয়াট্রি বিষয়ে উচ্চতর ডিগ্রী/PGT/ সমমানের ডিগ্রি থাকতে হবে। সাইকিয়াট্রিস্ট হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ৯ | সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার<br>০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড ০৯) | **ক)** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ০৪ (চার) বছর মেয়াদী বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক্স/ এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স ডিগ্রি থাকতে হবে।<br>**খ)** শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** প্রার্থীকে কম্পিউটার নেটওয়ার্ক অথবা নেটওয়ার্ক ডিভাইস (সুইচ, রাউটারস, ফায়ারওয়াল, ফাইবার অপটিক ইত্যাদি) পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। LINUX/WINDOWS Platform প্রোগ্রামে দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>**বয়স: অনূর্ধ্ব-৩২ বছর।** |

Abdullah

| | | | |
|---|---|---|---|
| ১০ | সহকারী প্রকৌশলী (স্থাপত্য) ০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড ০৯) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্থাপত্য বিষয়ে ০৫ (পাঁচ) বছর মেয়াদী ব্যাচেলর অফ আর্ক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১১ | সহকারী প্রকৌশলী (আইটি) ০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড ০৯) | **ক)** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ০৪ (চার) বছর মেয়াদী বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক্স/এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স ডিগ্রি থাকতে হবে। <br> **খ)** শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। <br> **অভিজ্ঞতা:** প্রার্থীকে কম্পিউটার নেটওয়ার্ক অথবা নেটওয়ার্ক ডিভাইস (সুইচ, রাউটারস, ফায়ারওয়াল, ফাইবার অপটিক ইত্যাদি) পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। LINUX/WINDOWS Platform প্রোগ্রামে দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। <br> **বয়স: অনূর্ধ্ব-৩২ বছর।** |
| ১২ | সহকারী মিউজিয়াম কিউরেটর ০১ (এক) টি | (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড ০৯) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাৎস্য বিজ্ঞান/প্রাণি বিদ্যা/উদ্ভিদ বিদ্যায় কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |

নিয়মাবলী ঃ

১। আবেদন অনলাইনে (Online) করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (০৫ নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। প্রতিটি পদে আবেদনের জন্য ৬০০/- (ছয়শত) টাকা অনলাইন-এ মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পেমেন্ট করে যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে জমাকৃত স্লিপ সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে স্নাতকোত্তর ও স্নাতক ডিগ্রি নিম্নরূপে সমমান বিবেচিত হবে-
স্নাতকোত্তর /সমমান = ৪ বছর মেয়াদী স্নাতক = ৩ বছর মেয়াদী স্নাতক + ১ বছর মেয়াদী স্নাতকোত্তর = ২ বছর মেয়াদী স্নাতক + ২ বছর মেয়াদী স্নাতকোত্তর। অর্থাৎ কমপক্ষে ১৬ বছরের প্রাতিষ্ঠানিক ডিগ্রি। স্নাতক /সমমান = ৪ বছরের কম যে কোন স্নাতক ডিগ্রি।

৪। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক /সমমান ও স্নাতকোত্তর /সমমানের ডিগ্রির বিভাগ/শ্রেণি/গ্রেড নিম্নরূপে সমমান বিবেচিত হবে -
সাধারণ - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.২৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.৫০ (৫.০০ স্কেলে)। কলা ও মানবিক - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.২৫ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.২৫ (৫.০০ স্কেলে)।

৫। **প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-**
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি
খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১০ (দশ) কপি সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ

৬। এই নীতিমালায় কর্মকর্তা হিসেবে প্রতিটি পদে নিয়োগের ক্ষেত্রে খুলনা বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বছর বা তদুর্দ্ধ পর্যন্ত কর্মরত কর্মকর্তাদের জন্য শিক্ষাগত যোগ্যতা (কেবল বিভাগ/শ্রেণি/গ্রেড) এবং বয়স শিথিলযোগ্য।

৭। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৮। উপরোক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

৯। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ এবং আবেদনপত্রের তথ্যাদি ভুল প্রমানিত হলে, আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

Abdullah

১০। কোন চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোন বিশ্ববিদ্যালয় থেকে যে কোন মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মকর্তা পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হয় তখন তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থী কোন ধরণের শাস্তিপ্রাপ্ত কি না তা একটি কলামে সংযোজন করতে হবে।

১১। উপরোক্ত পদসমূহে যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

১২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

১৩। আবেদনপত্র আগামী ১৩-১১-২০২৫ থেকে ০৪-১২-২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।

১৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত

**(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
E-mail: registrar@ku.ac.bd

Abdullah